

সাম্প্রতিক বিষয়ে জিএইচএল-এর আপডেইট (Update)

সম্মানিত স্টাফগণ,

গত ২৪/০৮/২০২৩ ইং তারিখ কক্সবাজারে জিএইচএল বোর্ডের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অডিট রিপোর্ট অনুমোদন, আর্থিক প্রাপ্যতা প্রদান, ২০২২-২৩ অর্থ বছরের জন্য অডিটর নিয়োগ, রেজিস্ট্রেশন, আর্বিট্রেশন ও মিউটেশন সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১. আর্থিক প্রাপ্যতা : সভায় অনুমোদিত অডিট রিপোর্টের ভিত্তিতে ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের আর্থিক প্রাপ্যতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের মোট লাভ হয় ১,৮৭,৬৩,৪৬২/- টাকা। কোভিড-১৯ ও ইউক্রেন-রাশিয়া যুদ্ধের প্রভাবের কারণে লাভ কম হওয়ায় PIP বাবদ শুধুমাত্র ২০% সমন্বয় করে অবশিষ্ট ৮০% (১,৫০,১০,৭৭০/- টাকা) বর্গফুট ভিত্তিতে আর্থিক প্রাপ্যতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া, ২০২২-২৩ অর্থ বছরের অডিট দ্রুত সম্পন্ন করে উক্ত বছরের আর্থিক প্রাপ্যতা যথাসম্ভব স্বল্প সময়ের মধ্যে প্রদানের লক্ষ্যে অনুমোদনের জন্য অডিট রিপোর্ট বোর্ড সভায় উপস্থাপনের নির্দেশ দেয়া হয়। উল্লেখ্য, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরে রুম প্রতি খরচ সমন্বয় করার জন্য যে সকল স্টাফগণ আর্থিক প্রাপ্যতা কম পেয়েছেন তাদেরকে উক্ত কম পরিমাণ টাকা ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের আর্থিক প্রাপ্যতার সাথে প্রদান করা হবে।
২. রেজিস্ট্রেশন : বোর্ড সভায় রেজিস্ট্রেশন সম্পর্কে আপডেইট (Update) চাওয়া হলে বোর্ডকে অবগত করা হয় যে, যে সকল স্টাফগণের রেজিস্ট্রেশন বাকী ছিল তাদের মধ্যে ১৬৬ জনকে গত জুন, ২০২৩-এ রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। বাকীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলমান রয়েছে, তবে বেশ কিছু ক্ষেত্রে জটিলতা রয়েছে যা নিরসনের পদক্ষেপ নেয়া হচ্ছে। এ অগ্রগতিতে বোর্ড সন্তোষ প্রকাশ করে এবং বাকীগুলো যথাসম্ভব স্বল্প সময়ের মধ্যে যাতে সম্পন্ন করা হয় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকল পক্ষকে যথা কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ জ্ঞাপন করেন।
৩. মিউটেশন : বোর্ড সভায় মিউটেশন সম্পর্কে আপডেইট (Update) চাওয়া হলে বোর্ডকে জানানো হয় যে, স্টাফগণের বিভিন্ন ফোরাম থেকে মিউটেশন করার প্রক্রিয়া চলমান রয়েছে। ইতিমধ্যে প্রায় ৩০০ জনের মিউটেশন সম্পন্ন হয়েছে। বোর্ড সকল উদ্যোগী স্টাফগণ ও ফোরামকে উক্ত কাজ চলমান রাখার জন্য অনুরোধ জানিয়েছেন।
৪. আর্বিট্রেশন : আর্বিট্রেশন সম্পর্কে আপডেইট (Update) এ বোর্ড সভায় অবগত করা হয় যে, গত ০৩/০৮/২০২৩ ইং তারিখ কক্সবাজার কোর্টে চলমান আর্বিট্রেশন মিস কেইস এর চূড়ান্ত রায় প্রদান করা হয়। উল্লেখ্য যে, এতে তিন সদস্য বিশিষ্ট আর্বিট্রেশন ট্রাইবুনাল গঠন করে দেয়া হয়। উক্ত আর্বিট্রেশন ট্রাইবুনাল এখন থেকে যথাপ্রক্রিয়ায় উত্থাপিত বিষয়াদি নিষ্পত্তির জন্য তাঁদের কার্যক্রম ও পদক্ষেপ গ্রহণ করবেন এবং যথাসময়ে তাদের রায় প্রদান করবেন। তাই আইনগতভাবে গঠিত নিরপেক্ষ আর্বিট্রেশন ট্রাইবুনালের মাধ্যমে সকল দাবী ও বিরোধ সমূহ সমাধান করার লক্ষ্যে সকলকে এগিয়ে আসতে ও সহযোগিতা করতে বোর্ড অনুরোধ জ্ঞাপন করেন।

জিএইচএল বোর্ড লক্ষ্য করেছে যে, আর্বিট্রেশন চলাকালীন অবস্থায় কিছু কিছু স্টাফগণ বেশ কিছু নেতিবাচক কর্মকাণ্ড করছেন, যা কোন ভাবে কাম্য নয়। সামষ্টিকভাবে হোটেলের সুনাম ও ব্যবসায়িক অনেক ক্ষতি সাধন করছে। আপনারা সবাই জানেন আর্বিট্রেশনে স্টাফগণের সকল দাবি উত্থাপন হয়েছে এবং এখানে সকল দাবির আইনী সমাধান হবে, তাই আর্বিট্রেশন চলমান থাকায় সকলকে এহেন কর্মকাণ্ড পরিহার করতে সবিনয় অনুরোধ জানাচ্ছে।

জিএইচএল বোর্ড-এর নির্দেশক্রমে

বোর্ড সেক্রেটারি